

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ-২

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

"Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ৪১তম সভার রেকর্ড নোটস্।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম" এর ৪১তম সভা ০৩/০৮/২০২৬ খ্রিঃ সকাল ১১:৩০ ঘটিকায় ফোরামের আহ্বায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব মোঃ এনামুল করিম খান এর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলাস্থ জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট "ক"তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিচিতি বিনিময়ের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত ৪০তম সভার রেকর্ড নোটস্ উপস্থাপন করা হয় এবং বিগত সভার সিদ্ধান্তগুলোর পরিপালন/বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করা হয়।

এ পর্যায়ে ফোরামের ৪০তম সভা হতে ৪১তম সভা পর্যন্ত সময়কালে জারিকৃত বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত বিভিন্ন সার্কুলার ও সার্কুলার লেটারসমূহ এবং উত্থাপিত অন্যান্য বিষয়সমূহের ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করা হয়। নির্ধারিত সূচী অনুযায়ী অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০১.	অসমন্বিত নষ্টো হিসাব প্রসঙ্গে।	বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।	সভায় বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ-২ এর পক্ষ থেকে বলা হয় যে, এডি ব্যাংকসমূহ Foreign Book এর নষ্টো এন্ট্রি যথাযথভাবে Local book এ respond না করায় (কিংবা vice versa) নষ্টো একাউন্টের Foreign Book ও Local book এ উল্লেখযোগ্য ব্যবধান বিদ্যমান রয়েছে। এ প্রেক্ষিতে, Net Open Position হিসাবায়নে ব্যাংকসমূহের সম্পদ কম/বেশি প্রদর্শিত হচ্ছে। ফলশ্রুতিতে, বৈদেশিক মুদ্রা বাজারের Fx Holding এর প্রকৃত তথ্য Net Open Position রিপোর্টে প্রদর্শিত হচ্ছে না। বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ-২ এর পক্ষ থেকে আরো উল্লেখ্য করা হয় যে, কিছু কিছু এডি ব্যাংক নষ্টো হিসাবের ফরেন বুকের কোনো ডেবিট এন্ট্রি গ্রাহকের নামে দায় সৃষ্টি অথবা গ্রাহক থেকে টাকা আদায়ের পূর্বে Interbranch debit advice ইস্যু করার মাধ্যমে লোকাল বুক উক্ত এন্ট্রিসমূহ ক্রেডিট করে respond/সমন্বিত করেছে। যথাসময়ে ফোর্সড লোন সৃষ্টি করা হলে কতিপয় গ্রাহক নতুন করে ঋণ/বিনিয়োগ প্রাপ্তির অযোগ্য বিবেচিত হওয়ার সম্ভাবনা ক্ষেত্রবিশেষে তৈরী হয়, তাছাড়া শ্রেণীকৃত ঋণের বিপরীতে প্রভিশন রাখার বাধ্যবাধকতা রয়েছে মর্মে সভায় আলোচনা হয়। কিন্তু কতিপয় গ্রাহকদেরকে এরূপ নিয়মবহির্ভূতভাবে সুবিধা প্রদান এবং প্রভিশন সংস্থান না করার উদ্দেশ্যেই ব্যাংক আইবিডিএসমূহ আনরেসপন্ডেড অবস্থায় রেখেছে মর্মে সভায় বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ-২ এর পক্ষ থেকে বলা হয়। এ প্রেক্ষিতে, সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে নষ্টো হিসাবের ফরেন বুকের কোনো ডেবিট এন্ট্রি গ্রাহকের নামে দায় সৃষ্টি অথবা গ্রাহক থেকে টাকা আদায়ের পূর্বে কোনভাবেই Interbranch debit advice ইস্যু করার মাধ্যমে লোকাল বুক উক্ত এন্ট্রিসমূহ ক্রেডিট করে	সকল ব্যাংক

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০২.	রিট পিটিশন নং- ৫২২৭/২০১৮ তে ইন্টারনেটভিত্তিক সামাজিক মাধ্যমে বিজ্ঞাপন, ডোমেইন বিক্রি, লাইসেন্স ফিসসহ সকল প্রকার লেনদেন থেকে মূসক, টার্নওভার কর ও সম্পূরক শুল্ক, The Value Added Tax and Supplementa ry Duty Act, 2012-এর ১৫নং ধারার অধীনে আরোপিত মূসক এবং আয়করসহ সকল ধরনের রাজস্ব আদায় প্রসঙ্গে।	ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।	<p>respond/সম্বিত করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করেন।</p> <p>ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-২ এর পক্ষ থেকে রিট পিটিশন নং-৫২২৭/২০১৮-এর প্রেক্ষিতে মাননীয় হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ০৮/১১/২০২০ খ্রিঃ রায়ের বিষয়টি সভাকে অবহিত করা হয়। এ বিষয়ে উল্লেখ করা হয় যে, উক্ত রায়ের মাধ্যমে গুগল, ফেসবুক, ইউটিউবসহ অন্যান্য ইন্টারনেটভিত্তিক সামাজিক মাধ্যমে বিজ্ঞাপন, ডোমেইন বিক্রি, লাইসেন্স ফিসসহ সকল প্রকার লেনদেন থেকে মূসক, টার্নওভার কর ও সম্পূরক শুল্ক, The Value Added Tax and Supplementary Duty Act, 2012-এর ১৫নং ধারার অধীনে আরোপিত মূসক এবং আয়করসহ সকল ধরনের রাজস্ব আদায়ের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। একইসঙ্গে, উক্ত রাজস্ব ও সংশ্লিষ্ট বকেয়া রাজস্ব আদায়ের জন্য সংশ্লিষ্ট প্রতিপক্ষগণকে নির্দেশনা প্রদান এবং এ-সংক্রান্ত রাজস্ব আদায়ের বিবরণী ০৬ মাস অন্তর অন্তর হালফনামার মাধ্যমে আদালতে দাখিলের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে নির্দেশনা প্রদান করা হয়েছে।</p> <p>এ প্রেক্ষিতে, ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-২ এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, উক্ত রায়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন এবং আন্তর্জাতিক কার্ডের মাধ্যমে পরিশোধিত মূল্যের বিপরীতে প্রাপ্য শুল্ক/কর যথাযথভাবে আদায় নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট এডি ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা প্রয়োজন। পাশাপাশি, সকল ধরনের রাজস্ব আদায় সংক্রান্ত একটি বিবরণী (প্রতিষ্ঠানের নাম, লেনদেনের ধরন, লেনদেনের উদ্দেশ্য, লেনদেনের পরিমাণ, কর্তনকৃত রাজস্বের ধরন ও পরিমাণ, বকেয়া রাজস্ব আদায়, চালান নম্বর ইত্যাদি সংক্রান্ত তথ্য) প্রতি ০৬ মাস পরপর (জানুয়ারি ও জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে) ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-২-এ দাখিলের জন্য সংশ্লিষ্ট এডি ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।</p> <p>এতদ্বিষয়ে, সভাপতি আলোচ্য রায়ের ১,২ ও ৩ নং আদেশ যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন এবং প্রতি ০৬ মাস পরপর নির্ধারিত সময়ের মধ্যে রাজস্ব আদায় সংক্রান্ত বিবরণী ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-২-এ দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন। একইসঙ্গে, FE Circular Letter No. 30/2019-এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক আন্তর্জাতিক কার্ডের মাধ্যমে পরিশোধিত মূল্যের বিপরীতে প্রাপ্য শুল্ক/কর যথাযথভাবে আদায় নিশ্চিত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট এডি ব্যাংকসমূহকে পুনরায় নির্দেশনা প্রদান করেন।</p>	সকল ব্যাংক
০৩.	এলসির মূল্য পরিশোধের পূর্বেই গ্রাহকের নামে ঋণ সৃষ্টি প্রসঙ্গে।	ব্যাংক সুপারভিশন ডিপার্টমেন্ট-৭ ,বাংলাদেশ	সভায় ব্যাংক সুপারভিশন ডিপার্টমেন্ট-৭ এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, কিছু কিছু ব্যাংক এলসির মূল্য পরিশোধের সময় FE Circular No. 33, তারিখ: 14/08/2025-এর অনুচ্ছেদ 82(3)-এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে	সকল ব্যাংক

২

৫৫

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
		ব্যাংক, প্রধান কার্যালয়।	পরিপালন করছে না। এ প্রেক্ষিতে, সভাপতি সংশ্লিষ্ট সকল এডি ব্যাংককে FE Circular No. 33, তারিখ: 14/08/2025-এর নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।	
০৪.	রপ্তানি দাবি অনলাইনভিত্তিকভাবে রিপোর্টকরণ প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	সভায় স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক এর পক্ষ থেকে অবহিত করা হয় যে, FEOD Circular No. 01, তারিখ 03/03/2024 এর মাধ্যমে “অন্য ধরনের রপ্তানি দাবি” সংক্রান্ত অনলাইনভিত্তিক রিপোর্টিং ব্যবস্থা বন্ধ করা হয়েছে। তবে, FE Circular No. 37, তারিখ 30/09/2025-এর ৭৭ নং অনুচ্ছেদে এ ধরনের রিপোর্টিংয়ের বিধান এখনও বিদ্যমান রয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। এ বিষয়ে এফইপিডি-১ এর পক্ষ থেকে সভাকে জানানো হয় যে, সেপ্টেম্বর/২০২৬ মাসের রেমিট্যান্স-সংক্রান্ত সংকলন প্রস্তুতের সময় উক্ত বিষয়টি পর্যালোচনা করা হবে।	বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।
০৫.	নগদ প্রণোদনার অসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময়সীমা নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	সভায় স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, নগদ সহায়তার আবেদনপত্র প্রাথমিক পরীক্ষণের ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক ০৩ দিনের মধ্যে রপ্তানিকারক প্রতিষ্ঠানকে আবেদনপত্রে বিদ্যমান অসঙ্গতি সম্পর্কে অবহিত করা হয়। তবে, রপ্তানিকারক কর্তৃক প্রয়োজনীয় সংশোধন কত দিনের মধ্যে দাখিল করতে হবে সে বিষয়ে বিদ্যমান সার্কুলারসমূহে কোনো সুনির্দিষ্ট সময়সীমা নির্ধারিত নেই। এ প্রেক্ষিতে, গ্রাহক পর্যায়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও দ্রুত সেবা নিশ্চিত করার লক্ষ্যে আবেদনকারী, ব্যাংক এবং নিরীক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকল পক্ষের জন্য আবেদন নিষ্পত্তির প্রতিটি ধাপে সুস্পষ্ট সময়সীমা নির্ধারণপূর্বক প্রয়োজনীয় দিকনির্দেশনা জারির বিষয়ে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের পক্ষ থেকে প্রস্তাব উপস্থাপন করা হয়। আলোচ্য বিষয়ে এফইপিডি-১ এর পক্ষ থেকে সভাকে জানানো হয় যে, ব্যাংক কর্তৃক যাচিত সংশোধনী রপ্তানিকারক কর্তৃক নিজ প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিকভাবে দাখিল করা বাঞ্ছনীয়। তবে, রপ্তানিকারক কর্তৃক উক্ত সংশোধনী দাখিলের জন্য নির্দিষ্ট সময়সীমা নির্ধারণের যৌক্তিকতা পরিলক্ষিত হয় না। এ বিষয়ে বিদ্যমান সার্কুলারের নির্দেশনা এ পর্যায়ে বহাল থাকবে মর্মে এফইপিডি-১ এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয়।	সকল ব্যাংক
০৬.	রপ্তানি অগ্রিম প্রাপ্ত অর্থের এক বছরের মেয়াদ শেষে ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	বিদ্যমান নির্দেশনা অনুযায়ী অগ্রিম প্রাপ্ত রপ্তানির বিপরীতে এক বছরের মধ্যে রপ্তানি সম্পন্ন করতে হবে এবং রপ্তানি সম্পন্ন না হলে অগ্রিম প্রাপ্ত অর্থ ফেরত প্রদান করতে হবে। তবে এক বছরের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও যদি রপ্তানি কার্যক্রম সম্পন্ন না হয় অথবা অগ্রিম অর্থ ফেরত প্রদান না করা হয়, সে ক্ষেত্রে অনুমোদিত ডিলারদের করণীয় কী হবে; এক বছরের মেয়াদোত্তীর্ণ হওয়ার পর বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনের প্রয়োজনীয়তা রয়েছে কিনা; মেয়াদোত্তীর্ণ অগ্রিমের ক্ষেত্রে কোনো নির্দিষ্ট প্রতিবেদন দাখিল বা বিশেষ ব্যবস্থাপনা প্রয়োজ্য হবে কিনা স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের পক্ষ থেকে তা জানতে চাওয়া হয়। আলোচনায় অংশ নিয়ে এফইপিডি-১ এর পক্ষ	সকল ব্যাংক

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
			থেকে সভাকে অবহিত করা হয় যে, প্রকৃত পক্ষে অগ্রিম মূল্য প্রত্যাভাসন বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে এআরভি (Advance Receipt Voucher) পদ্ধতিতে রিপোর্ট করা বাঞ্ছনীয়। এফসিএ টার্মে রপ্তানির ক্ষেত্রে পণ্য Named place -এ সরবরাহ করা পর্যায়ে রপ্তানি মূল্য পাওয়া গেলে এআরভি এর পরিবর্তে সংশ্লিষ্ট পুল-হিসাবে উক্ত আয় জমা করা সমীচীন হবে। যৌক্তিক কারণে এক বছরের মধ্যে রপ্তানি করা সম্ভব না হলে তা বাংলাদেশ ব্যাংকে অবহিত করতঃ অনাপত্তি গ্রহণ করতে হবে।	
০৭.	অন্যান্য ব্যাংকে অ্যাকাউন্ট থাকা সুবিধাভোগীদের নিকট RTGS-এর মাধ্যমে আন্তঃব্যাংক ক্রস বর্ডার- Vostro রেমিট্যান্স প্রেরণ প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	<p>সভায় স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, Intermediary ব্যাংক হিসেবে প্রাপ্ত রেমিট্যান্সকে আরও সুসংগঠিত ও দ্রুততার সাথে সংশ্লিষ্ট সুবিধাভোগীদের নিকট পৌঁছানোর লক্ষ্যে বৈদেশিক মুদ্রা রেমিট্যান্সের ন্যায় Vostro ব্যবস্থার অধীন টাকামূল্যের রেমিট্যান্সসমূহও বিলম্ব ব্যতিরেকে RTGS-এর মাধ্যমে সংশ্লিষ্ট সুবিধাভোগী ব্যাংকসমূহে প্রেরণের ব্যবস্থা করা যেতে পারে। এ প্রেক্ষিতে, স্থানীয় RTGS ব্যবস্থার মাধ্যমে প্রক্রিয়াকৃত আগত Vostro রেমিট্যান্সের ক্ষেত্রে ISO 20022 MX মেসেজের ট্যাগে একটি নির্দিষ্ট Transaction Type সংযোজনের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা হয়, যাতে উক্ত লেনদেনসমূহ আন্তঃসীমান্ত (cross-border) লেনদেন হিসেবে চিহ্নিত করা যায়।</p> <p>এ বিষয়ে আরও উল্লেখ করা হয় যে, নির্ধারিত Transaction Type-এর আওতাভুক্ত লেনদেনের ক্ষেত্রে সুবিধাভোগী ব্যাংক প্রযোজ্য বিধান অনুযায়ী প্রণোদনা, ভ্যাট আদায়সহ সকল নিয়ন্ত্রক প্রতিবেদন দাখিলের দায়িত্ব গ্রহণ করবে। একইসঙ্গে, উক্ত নির্ধারিত Transaction Type-এর ক্ষেত্রে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা সীমা সংক্রান্ত অব্যাহতি প্রদানের প্রয়োজনীয়তার বিষয়টিও সভায় উপস্থাপন করা হয়।</p> <p>এছাড়া, প্রতিটি তফসিলি ব্যাংকে একটি Central Contact Point এবং একজন মনোনীত Focal Point Officer নির্ধারণ ও পরিচালনার প্রস্তাব করা হয়, যার মাধ্যমে একটি নির্দিষ্ট ই-মেইল ঠিকানা ও টেলিফোন নম্বর ব্যবহার করে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে যোগাযোগ করা যাবে। এ ব্যবস্থার মাধ্যমে যোগাযোগ কার্যক্রমকে আরও সুসংগঠিত করা, পরিচালন দক্ষতা বৃদ্ধি এবং সার্বিক সেবার মান উন্নয়নসহ প্রযোজ্য নিয়ন্ত্রক বিধি ও তত্ত্বাবধায়ক প্রত্যাশার সাথে সামঞ্জস্য নিশ্চিত করা সম্ভব হবে মর্মে সভায় উল্লেখ করা হয়।</p> <p>আলোচনায় অংশ নিয়ে পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট-২ এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, Vostro Remittance-এর ক্ষেত্রে NPSB প্ল্যাটফর্মের IBFT ব্যবহার করে 24/7 ভিত্তিতে যেকোনো পরিমাণের টাকা</p>	পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট-২, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।

৮

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
			<p>স্থানান্তর করা যায়। 30/06/2021 তারিখে জারিকৃত PSD Circular No. 09-এর মাধ্যমে NPSB প্ল্যাটফর্মের IBFT লেনদেনের ক্ষেত্রে ব্যক্তিক একক লেনদেনের সর্বোচ্চ সীমা ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা ও দৈনিক লেনদেনের সর্বোচ্চ সীমা ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা এবং প্রাতিষ্ঠানিক একক লেনদেনের সর্বোচ্চ সীমা ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা ও দৈনিক লেনদেনের সর্বোচ্চ সীমা ২৫,০০,০০০ (পঁচিশ লক্ষ) টাকা নির্ধারণ করা হয়। এছাড়াও, 03/07/2022 তারিখের PSD Circular Letter No. 04-এর মাধ্যমে রেমিট্যান্স এবং তৎসংশ্লিষ্ট প্রণোদনা প্রদানের ক্ষেত্রে ব্যাংকের উপর উপরোল্লিখিত সার্কুলারের সীমাসমূহ প্রযোজ্য হবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এ সার্কুলারে রেমিট্যান্স-সংশ্লিষ্ট লেনদেনসমূহ পৃথকভাবে শনাক্ত করার জন্য দুটি পৃথক Merchant Category Code (MCC) যথাক্রমে 6014 এবং 6015 ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত Merchant Category Code (MCC) বাস্তবায়নের মাধ্যমে উপরোল্লিখিত বিষয়টির সমাধান করা সম্ভব।</p> <p>আলোচ্য প্রেক্ষাপটে, সভাপতি পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট-২ কে প্রস্তাবটি বিশদভাবে বিশ্লেষণ করে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশনা প্রদান করেন।</p>	
০৮.	এফইপিডি সার্কুলার নং-০৬/২০২৬-এর আওতায় প্রদত্ত সুবিধার ক্ষেত্রে মোট চালানের মূল্যসীমা নির্ধারণ প্রসঙ্গে।	ব্যাংক এশিয়া পিএলসি.	<p>সভায় ব্যাংক এশিয়া পিএলসি. এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, এফইপিডি-১ সার্কুলার নং-০৬, তারিখ: ১৬ মার্চ ২০২৬ অনুযায়ী প্রতিটি রপ্তানি ইনভয়েসের সর্বোচ্চ সীমা ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার নির্ধারিত থাকলেও রপ্তানিকারকভিত্তিক মোট রপ্তানি সীমা নির্ধারিত নেই। এ প্রেক্ষিতে, রপ্তানি সংশ্লিষ্ট ঝুঁকি হাস, রপ্তানিকারকদের স্বার্থ সংরক্ষণ এবং বৈদেশিক বাণিজ্য কার্যক্রমের সুষ্ঠু তদারকি নিশ্চিত করার লক্ষ্যে নির্দিষ্ট সময়সীমার মধ্যে রপ্তানিকারকভিত্তিক একটি গ্রহণযোগ্য সর্বোচ্চ রপ্তানি সীমা নির্ধারণের বিষয়টি বিবেচনা করার জন্য ব্যাংক এশিয়া পিএলসি.-এর পক্ষ থেকে প্রস্তাব উপস্থাপন করা হয়।</p> <p>আলোচ্য বিষয়ে এফইপিডি-১ এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, রপ্তানিকারকভিত্তিক রপ্তানি সীমা নির্ধারণের যৌক্তিকতা পরিলক্ষিত হয় না। রপ্তানিসংক্রান্ত Due Diligence পরিপালন সাপেক্ষে Title Document ইস্যুর ব্যবস্থা গ্রহণ করা হলে রপ্তানি কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে উল্লিখিত ধরনের ঝুঁকি উদ্ভবের সুযোগ থাকে না মর্মে সভাকে অবহিত করা হয়।</p>	সকল ব্যাংক

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০৯.	মাল্টিমোডাল ফ্রেইট ফরওয়ার্ডিং রেমিট্যান্সের নীতিমালা প্রণয়ন সংক্রান্ত প্রস্তাব।	ব্যাংক এশিয়া পিএলসি.	বাংলাদেশি ফ্রেইট ফরওয়ার্ডারদের দ্বারা বিদেশি হাব এজেন্টকে মাল্টিমোডাল শিপমেন্টের দ্বিতীয় ধাপের সেবার জন্য প্রদেয় অর্থ বর্তমানে স্পষ্ট নীতিমালার অভাবে জটিলতায় পড়ছে। এটি মূলধন স্থানান্তর নয়, বরং বৈধ সেবা-ভিত্তিক পেমেন্ট হলেও বাংলাদেশ ব্যাংকের পৃথক কোনো সার্কুলার নেই। ফলে এডি ব্যাংকগুলোর প্রক্রিয়ায় ভিন্নতা, বিলম্ব এবং অতিরিক্ত ডকুমেন্টেশন প্রয়োজন হচ্ছে, যা ব্যবসায়িক ব্যয় ও সময় বৃদ্ধি করছে। তাই ন্যূনতম ডকুমেন্টেশন ও মাসিক রিপোর্টিংয়ের ভিত্তিতে অনুমোদনসহ একটি সুনির্দিষ্ট নির্দেশিকা জারির নিমিত্ত ব্যাংক এশিয়া পিএলসি. সভায় প্রস্তাব পেশ করে। আলোচ্য বিষয়ে সভাকে জানানো হয় যে, মাল্টিমোডাল শিপমেন্টের উপর একটি খসড়া নীতিমালা ইতঃপূর্বে একবার বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছিল। কিন্তু অংশীজনদের পক্ষ থেকে কোন সাড়া না পাওয়ার কারণে উক্ত নীতিমালা জারি করা হয়নি। ব্যাংকের আবেদনের সূত্রে কেস টু কেস ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তা বিবেচনা করা হয়ে থাকে মর্মে সভাকে এফইওডি-২ এর পক্ষ থেকে জানানো হয়।	সকল ব্যাংক
১০.	ব্যাংক-টু-ব্যাংক এলসি দ্রুত প্রেরণ ও অ্যাডভাইজিং প্রক্রিয়া সহজীকরণ প্রসঙ্গে।	ব্যাংক এশিয়া পিএলসি.	সভায় ব্যাংক এশিয়া পিএলসি. এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, ব্যাংকসমূহ SWIFT এর মাধ্যমে ব্যাংক-টু-ব্যাংক এলসি দ্রুত প্রেরণ এবং স্বয়ংক্রিয়ভাবে ইস্যুইং ব্যাংকের অথেনটিকেশন গ্রহণ করছে। তবে, FEOD Circular Letter No. 01, তারিখ 13/02/2022 অনুযায়ী এলসি অ্যাডভাইস করার পূর্বে BBOIMS থেকে সংশ্লিষ্ট তথ্য যাচাই করা বাধ্যতামূলক হলেও OIMS-এর সাথে ইস্যুইং ব্যাংকের কোনো API ইন্টিগ্রেশন নেই। ফলে, ব্যাংকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্টিং সম্পন্ন করলে সংশ্লিষ্ট তথ্য OIMS-এ আপডেট হলেও তা রিয়েল-টাইমে প্রতিফলিত হয় না। এর ফলে তথ্য যাচাই প্রক্রিয়ায় বিলম্ব সৃষ্টি হচ্ছে এবং এলসি অ্যাডভাইজিং কার্যক্রম সম্পন্ন করতে অতিরিক্ত সময়ের প্রয়োজন হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। এ প্রেক্ষিতে, OIMS-এর তথ্যকে এলসি অ্যাডভাইজিংয়ের পূর্বশর্ত হিসেবে বাধ্যতামূলক না করে ব্যাংক-টু-ব্যাংক এলসি অ্যাডভাইজিং প্রক্রিয়া সহজীকরণের বিষয়ে প্রয়োজনীয় নীতিগত সিদ্ধান্ত গ্রহণের জন্য ব্যাংক এশিয়া পিএলসি.-এর পক্ষ থেকে প্রস্তাব উপস্থাপন করা হয়। সভায় ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-১ এর পক্ষ থেকে জানানো হয় যে, Local LC Interface তৈরির কার্যক্রম চলমান আছে। উক্ত কার্যক্রম সম্পন্ন হলে ব্যাংক-টু-ব্যাংক এলসি সংক্রান্ত উল্লিখিত সমস্যাসমূহের সমাধান হবে মর্মে সভাকে অবহিত করা হয়।	ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।

৬

৬

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
১১.	Open Account পদ্ধতির আওতায় পরিচালিত আমদানি লেনদেনসমূহের জন্য স্বতন্ত্র এলসি কোড নং চালুকরণ প্রসঙ্গে।	সাউথ ইস্ট ব্যাংক পিএলসি.	<p>সভায় সাউথ ইস্ট ব্যাংক পিএলসি. এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, বৈদেশিক বাণিজ্যে Open Account পদ্ধতিতে সাধারণত পণ্য প্রথমে আমদানিকারকের নিকট প্রেরণ করা হয় এবং পরবর্তীতে চুক্তিতে নির্ধারিত সময়ে, যেমন ৩০, ৬০ বা ৯০ দিনের ক্রেডিট টার্মে, পণ্যের মূল্য পরিশোধ করা হয়। পণ্য প্রেরণের পর ইনভয়েস, বিল অব লেডিংসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সরাসরি আমদানিকারকের নিকট প্রেরণ করা হয় এবং নির্ধারিত সময়ে ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে রপ্তানিকারকের নিকট মূল্য পরিশোধ করা হয়।</p> <p>এ বিষয়ে আরও উল্লেখ করা হয় যে, বর্তমানে LC/Contract Harmonized Code-এর আওতায় ব্যবহৃত ১৫ ও ১৬ কোড যথাক্রমে Foreign Contract (DP)/Advance Payment (TT) এবং Foreign Contract (DA) লেনদেনের জন্য নির্ধারিত রয়েছে। তবে, Open Account পদ্ধতিতে পরিচালিত বৈদেশিক বাণিজ্যের আমদানি লেনদেনসমূহ সঠিকভাবে শনাক্তকরণ, শ্রেণিবিন্যাস এবং রিপোর্টিং কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে এ ধরনের লেনদেনের জন্য পৃথক LC/Contract Code নম্বর প্রবর্তনের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়।</p> <p>এমতাবস্থায়, Open Account ভিত্তিক বৈদেশিক বাণিজ্যের আমদানি লেনদেনের জন্য LC/Contract Harmonized Code-এর আওতায় একটি পৃথক LC/Contract Code নম্বর চালুর বিষয়ে সাউথ ইস্ট ব্যাংক পিএলসি.-এর পক্ষ থেকে প্রস্তাব উপস্থাপন করা হয়। আলোচ্য প্রেক্ষাপটে, সভাপতি প্রস্তাবটি বিশদভাবে পর্যালোচনা ও বিশ্লেষণের নিমিত্ত ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-১ কে নির্দেশনা প্রদান করেন।</p>	ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট- ১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।
১২.	IRC নম্বরের বিপরীতে বার্ষিক নির্ধারিত আমদানি সীমা অতিক্রম হওয়ার পর OIMS-এ নতুন কোনো LC/TT-এর Amendment প্রসঙ্গে।	সাউথ ইস্ট ব্যাংক পিএলসি.	<p>সভায় সাউথ ইস্ট ব্যাংক পিএলসি. এর পক্ষ থেকে জানানো হয় যে, বর্তমানে OIMS-এ ২০২৩-২০২৪ অর্থবছর পর্যন্ত আমদানিকারকদের জন্য আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক সংশ্লিষ্ট IRC-এর বিপরীতে নির্ধারিত Importer's Limit (Import Slab) রিপোর্ট করার সুবিধা রয়েছে। তবে, ২০২৫-২০২৬ অর্থবছর এবং পরবর্তী অর্থবছরসমূহের জন্য নির্ধারিত Importer's Limit OIMS-এ রিপোর্ট করার সুবিধা না থাকায় আমদানিকারকদের নবায়নকৃত আমদানি সীমা কার্যকরভাবে পরিবীক্ষণ করা সম্ভব হচ্ছে না।</p> <p>এ প্রেক্ষিতে, আমদানিকারকদের আমদানি সীমা কার্যকরভাবে পরিবীক্ষণের লক্ষ্যে OIMS-এ ২০২৫-২০২৬ অর্থবছর এবং পরবর্তী প্রতিটি অর্থবছরের নির্ধারিত Importer's Limit রিপোর্ট করার সুবিধা সংযোজনের প্রস্তাব করা হয়। এছাড়া, কোনো আমদানিকারকের (এডহক, শিল্প ও আনলিমিটেড IRC ব্যতীত) সংশ্লিষ্ট IRC-এর বিপরীতে বার্ষিক নির্ধারিত আমদানি সীমা অতিক্রান্ত হলে, নতুন</p>	ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট- ১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
			LC/TT রিপোর্ট করার সময় সংশ্লিষ্ট Authorised Dealer (AD) শাখাকে OIMS-এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে স্বয়ংক্রিয় নোটিফিকেশন প্রদানের ব্যবস্থা এবং আমদানি সীমা অতিক্রমের পর সংশ্লিষ্ট LC/TT-এর বিপরীতে নতুন কোনো Amendment রিপোর্ট করার সুযোগ বন্ধ রাখার প্রস্তাব করা হয়। আলোচ্য প্রেক্ষাপটে, সভাপতি প্রস্তাবটি বিশদভাবে পর্যালোচনা ও বিশ্লেষণের নিমিত্ত ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-১ কে নির্দেশনা প্রদান করেন।	
১৩.	Local Back-to-Back LC-র বিপরীতে বেনিফিশিয়ারি ব্যাংকের ইউজার আইডি অনুযায়ী ইস্যুকারী ব্যাংক কর্তৃক পেমেন্ট সম্পন্ন হওয়ার তথ্যকে MIS রিপোর্ট আকারে OIMS-এ অন্তর্ভুক্ত করা প্রসঙ্গে।	সাউথ ইন্সট ব্যাংক পিএলসি.	সভায় সাউথইন্সট ব্যাংক পিএলসি. এর পক্ষ থেকে জানানো হয় যে, বর্তমানে OIMS (Online Import Monitoring System)-এ ইস্যুকারী ব্যাংকের User ID-এর মাধ্যমে Local Back-to-Back LC-এর বিপরীতে সম্পন্নকৃত পেমেন্টের সমন্বিত তথ্য (Local LC Payment Report) প্রাপ্তির সুবিধা রয়েছে। তবে, বেনিফিশিয়ারি ব্যাংকের User ID-এর মাধ্যমে Local Back-to-Back LC-এর বিপরীতে পেমেন্ট প্রাপ্তির সমন্বিত তথ্য প্রদর্শনের কোনো সুবিধা বর্তমানে OIMS-এ নেই। সভায় আরও জানানো হয় যে, Local Back-to-Back LC-সংক্রান্ত তথ্য পৃথকভাবে LC ID অনুযায়ী ম্যানুয়াল অনুসন্ধানের মাধ্যমে পাওয়া গেলেও এ সংক্রান্ত কোনো সমন্বিত MIS Report বর্তমানে OIMS-এ বিদ্যমান নেই। ফলে, অন্য ব্যাংক কর্তৃক ইস্যুকৃত এবং সংশ্লিষ্ট ব্যাংক বেনিফিশিয়ারি ব্যাংক হিসেবে অন্তর্ভুক্ত এমন Local Back-to-Back LC-এর বিপরীতে ইস্যুকারী ব্যাংক কর্তৃক পেমেন্ট সম্পন্ন হলেও বেনিফিশিয়ারি ব্যাংকের User ID-এর আওতায় উক্ত পেমেন্টের সমন্বিত তথ্য/রিপোর্ট বর্তমানে OIMS-এ পাওয়া যায় না। এমতাবস্থায়, Local Back-to-Back LC-এর বিপরীতে বেনিফিশিয়ারি ব্যাংকের User ID-এর আওতায় ইস্যুকারী ব্যাংক কর্তৃক সম্পন্নকৃত পেমেন্টের তথ্য MIS Report আকারে OIMS-এ প্রদর্শনের সুবিধা সংযোজনের জন্য সাউথইন্সট ব্যাংক পিএলসি. কর্তৃক সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়। আলোচ্য প্রেক্ষাপটে, সভাপতি প্রস্তাবটি বিশদভাবে পর্যালোচনা ও বিশ্লেষণের নিমিত্ত ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-১ কে নির্দেশনা প্রদান করেন।	ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।
১৪.	Non-Bank Financial Institution (NBFI) এর মাধ্যমে রপ্তানি মূল্য প্রত্যাভাসন হলে Cash Incentive প্রাপ্য	ব্র্যাক ব্যাংক পিএলসি.	সভায় ব্র্যাক ব্যাংক পিএলসি. এর পক্ষ থেকে FE Circular Letter No. 31/2021-এ নগদ সহায়তা প্রাপ্তির বিষয়ে বর্ণিত নির্দেশনার উল্লেখপূর্বক জানতে চাওয়া হয় যে, NBFI-এর মাধ্যমে Nostro Bank ব্যবহার করে TT পদ্ধতিতে রপ্তানি আয় প্রেরণ করা হলে এবং সংশ্লিষ্ট TT Copy-তে রপ্তানির Reference উল্লেখ থাকলে, উক্ত রপ্তানি আয়ের বিপরীতে নগদ সহায়তা প্রাপ্য হবে কিনা। আলোচ্য বিষয়ে এফইপিডি-১ এর রপ্তানি শাখার পক্ষ	সকল ব্যাংক

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
	হবে কিনা প্রসঙ্গে।		থেকে জানানো হয় যে, ব্যাংকিং চ্যানেল ব্যতীত প্রত্যাবাসিত রপ্তানি আয়ের বিপরীতে নগদ সহায়তা প্রদানের কোনো প্রাধিকার নেই। অতএব, এ বিষয়ে সংশ্লিষ্ট সার্কুলারে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসৃত হবে মর্মে সভাকে অবহিত করা হয়।	
১৫.	Merchandise exporter দের ERQ Limit নির্ধারণে high import content এবং high domestic value- এর threshold নির্ধারণ প্রসঙ্গে।	ব্র্যাক ব্যাংক পিএলসি.	সভায় ব্র্যাক ব্যাংক পিএলসি. এর পক্ষ থেকে রপ্তানি আয়ের বিপরীতে ERQ হিসাবে বৈদেশিক মুদ্রা জমাকরণের ক্ষেত্রে “High” ও “Low” Import Content নির্ধারণের জন্য একটি সুস্পষ্ট শতকরা ভিত্তিক Threshold (Percentage-based Threshold) নির্ধারণ এবং “High Domestic Value Addition” পরিমাপের জন্য একটি মানসম্মত (Standardized) হিসাব কাঠামো/পদ্ধতি প্রবর্তনের বিষয়ে প্রস্তাব উপস্থাপন করা হয়। আলোচ্য বিষয়ে এফইপিডি-১ এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, ERQ-এর নিম্নসীমা অনুযায়ী বৈদেশিক মুদ্রা জমা করার ক্ষেত্রে স্থানীয় মূল্য সংযোজনের মাত্রা উক্ত সীমার কম হতে পারে। তবে, উচ্চ সীমা অনুযায়ী সুবিধা প্রদানের ক্ষেত্রে নির্ধারিত সীমা এবং তদূর্ধ্ব স্থানীয় মূল্য সংযোজনের বিষয়টি নিশ্চিত হতে হবে।	সকল ব্যাংক
১৬.	১৯ নভেম্বর ২০২৫ তারিখের এফই সার্কুলার নং ৪৭-এ উল্লিখিত বিষয়সমূহের বিষয়ে অধিকতর দিকনির্দেশনা প্রদান প্রসঙ্গে।	ব্র্যাক ব্যাংক পিএলসি.	সভায় ব্র্যাক ব্যাংক পিএলসি.-এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, আন্তর্জাতিক বিমানের টিকিট ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে ই-কমার্স লেনদেনে এয়ারলাইন্স কোন পেমেন্ট গেটওয়ে ব্যবহার করবে তা কার্ড ইস্যুয়িং ব্যাংকের নিয়ন্ত্রণাধীন নয়। ফলে, সার্কুলারের নির্দেশনা অনুযায়ী এয়ারলাইন্স মার্চেন্টসমূহের লেনদেন বাংলাদেশের কোনো গেটওয়ে বা চ্যানেলের মাধ্যমে সম্পন্ন হচ্ছে কিনা তা কার্ড ইস্যুয়িং ব্যাংকের পক্ষে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। এছাড়া, উক্ত মার্চেন্টসমূহের ক্ষেত্রে বাংলাদেশি টাকায় সম্পাদিত লেনদেনের বিপরীতে ভ্রমণ কোটার USD 300 সমন্বয় সংক্রান্ত কোনো ইস্যু নেই। তদুপরি, ব্যাংকের বিদ্যমান সিস্টেমে বাংলাদেশি টাকায় ক্রয়কৃত টিকিটের মূল্য ভ্রমণ কোটায় পুনঃভরণ (Replenish/Refill) করার সুবিধা নেই মর্মে সভাকে অবহিত করা হয়। এ প্রেক্ষিতে, সংশ্লিষ্ট সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংকসমূহের করণীয় বিষয়ে অধিকতর দিকনির্দেশনা প্রদানের জন্য ব্র্যাক ব্যাংক পিএলসি.-এর পক্ষ থেকে সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়। আলোচ্য বিষয়ে এফইপিডি-১-এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ থেকে বিদেশে ভ্রমণের ক্ষেত্রে আন্তর্জাতিক টিকিট ক্রয়ের জন্য পৃথক প্রাধিকার প্রদান করা হয়েছে, যা ভ্রমণ কোটার বাইরে। তবে, এদেশে কর্মরত এয়ারলাইন্স কর্তৃক বিক্রয়কৃত টিকিটের মূল্য স্থানীয় ব্যাংকের Acquiring Service-এর মাধ্যমে জমা হলে উক্ত অর্থের বিপরীতে ভ্রমণ কোটার সুবিধা পুনঃভরণ করা যাবে মর্মে সভায় জানানো হয়।	সকল ব্যাংক
১৭.	স্যাম্পল (Sample) রপ্তানির সীমা বৃদ্ধি এবং উক্ত রপ্তানির বিপরীতে	ব্র্যাক ব্যাংক পিএলসি.	সভায় ব্র্যাক ব্যাংক পিএলসি. এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, বর্তমান Export Policy অনুযায়ী স্যাম্পল (Sample) রপ্তানির বার্ষিক সীমা (commercial	সকল ব্যাংক

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
	মূল্য গ্রহণ সংক্রান্ত।		<p>value ব্যতীত) USD 10,000 নির্ধারিত রয়েছে। এ প্রেক্ষিতে, স্যাম্পল রপ্তানির বিদ্যমান বার্ষিক সীমা USD 10,000 হতে বৃদ্ধি করে USD 100,000 নির্ধারণ এবং বিদেশি ক্রেতাদের নিকট হতে স্যাম্পল রপ্তানির বিপরীতে মূল্য গ্রহণের ক্ষেত্রে (subject to price verification) বিদ্যমান বিধান সহজীকরণের বিষয়টি বিবেচনার জন্য ব্র্যাক ব্যাংক পিএলসি.-এর পক্ষ থেকে প্রস্তাব উপস্থাপন করা হয়।</p> <p>আলোচ্য বিষয়ে সভায় জানানো হয় যে, বিনামূল্যে স্যাম্পল প্রেরণের সীমা নির্ধারণের বিষয়টি সরকারের এখতিয়ারাধীন। তবে, যৌক্তিক কারণে প্রেরিত স্যাম্পলের মূল্য দেশে প্রত্যাভাসিত হলে তা নগদায়নপূর্বক উপযুক্ত কোড (২৭৪৩) ব্যবহার করে বাংলাদেশে সংশ্লিষ্ট ব্যাংকে রিপোর্ট করতে হবে মর্মে এফইপিডি-১ এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয়।</p>	
১৮.	ইলেকট্রনিক ইএক্সপি রেজিস্টার সংক্রান্ত।	সিটি ব্যাংক এন.এ	<p>সভায় সিটি ব্যাংক এন.এ-এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, GFET 2018-এর অধ্যায় ০৮, অনুচ্ছেদ ৭ অনুযায়ী প্রয়োজনীয় ডেটা ব্যাকআপসহ ইলেকট্রনিক ফর্মে EXP Register রক্ষণাবেক্ষণের সুযোগ রয়েছে। উক্ত অনুচ্ছেদে বলা হয়েছে, “AD Bank সংশ্লিষ্ট ব্যাংকের আইটি নিরাপত্তা নীতি অনুযায়ী ডেটা ব্যাকআপসহ ইলেকট্রনিক ফর্মে ইএক্সপি রেজিস্টার রক্ষণাবেক্ষণ করতে পারবেন।” তবে, FE Circular No. 31-এর অনুচ্ছেদ ১১-এ এ ধরনের ইলেকট্রনিক ফর্মে EXP Register রক্ষণাবেক্ষণের বিষয়ে কোনো সুস্পষ্ট নির্দেশনা বা ইঙ্গিত নেই মর্মে সভায় উল্লেখ করা হয়। এ প্রেক্ষিতে, ইলেকট্রনিক EXP Register রক্ষণাবেক্ষণের বিষয়টি বিবেচনার জন্য সিটি ব্যাংক এন.এ-এর পক্ষ থেকে সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়। আলোচ্য বিষয়টি রপ্তানি বিষয়ে জারিকৃত ২০২৬-সংকলনে (এফইপিডি-১ সার্কুলার নং ২৬/২০২৬) অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে এফইপিডি-১ এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয়।</p>	সকল ব্যাংক
১৯.	BBOIMS সিস্টেমে বিল অফ এন্ট্রি অনুসন্ধান সংক্রান্ত।	সিটি ব্যাংক এন.এ	<p>সভায় সিটি ব্যাংক এন.এ এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, বর্তমান ব্যবস্থায় কোনো গ্রাহকের IRC নম্বর এবং আমদানিকারকের নাম পৃথকভাবে প্রবেশ করিয়ে তার কোনো বকেয়া Bill of Entry রয়েছে কিনা তা অনুসন্ধান করতে হয়, যা সময়সাপেক্ষ। এ প্রেক্ষিতে, ব্যাংকের পক্ষ থেকে BBOIMS-এ আমদানিকারকের নাম ও IRC নম্বর সংরক্ষণের জন্য একটি ‘পছন্দের তালিকা অনুসন্ধান’ (Preferred List Search) ট্যাব সংযোজনের সম্ভাব্যতা যাচাইয়ের প্রস্তাব করা হয়। এর ফলে ব্যাংকসমূহ দিনের শুরুতে প্রয়োজনীয় গ্রাহকদের নির্বাচন করে তাদের বকেয়া Bill of Entry সংক্রান্ত সমন্বিত ও হালনাগাদ তথ্য সহজে জানতে পারবে মর্মে সভায় উল্লেখ করা হয়। এমতাবস্থায়, উক্ত ‘পছন্দের তালিকা অনুসন্ধান’ ট্যাব সংযোজনের বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য</p>	এফইওডি-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
			সিটি ব্যাংক এন.এ.-এর পক্ষ থেকে সভায় প্রস্তাবটি উপস্থাপন করা হয়। আলোচ্য প্রেক্ষাপটে, সভাপতি প্রস্তাবটি বিশদভাবে পর্যালোচনা ও বিশ্লেষণের নিমিত্ত ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-১ কে নির্দেশনা প্রদান করেন।	
২০.	Discrepant documents/documents received directly by the importers এর বিপরীতে রেমিটেন্স সংক্রান্ত।	সিটি ব্যাংক এন.এ	FE Circular No. 33/2025, অনুচ্ছেদ ২৫-এর সূত্রে পণ্য কাস্টমস থেকে খালাসের পর ব্যাংকসমূহ কাস্টমস বিল অব এন্ট্রির সংশ্লিষ্ট সত্যায়িত অনুলিপি বিত্তিতে আমদানিকারকের দ্বারা সরাসরি প্রাপ্ত discrepant documents বা অন্যান্য নথির বিপরীতে অর্থ প্রেরণ/পরিশোধ করতে পারবে কিনা—সে বিষয়ে সুনির্দিষ্ট দিকনির্দেশনা প্রদানের জন্য সিটি ব্যাংক এন.এ কর্তৃক সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়। আলোচনায় অংশ নিয়ে এফইপিডি-১ এর পক্ষ থেকে বলা হয় যে, আমদানি বিষয়ে ২০২৬-সংকলিত সার্কুলারে বিষয়টি স্পষ্টিকরণ করা হবে।	এফইপিডি-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।

বিবিধ

০১.	এলসি/চুক্তি ভিত্তিক আমদানির ক্ষেত্রে ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট দলিলাদি যাচাই প্রসঙ্গে।	ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-২	সভায় ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-২ এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, FE Circular Letter No. 29/2022 (হালনাগাদকৃত FE Circular No. 33, তারিখ: 14/08/2025, পৃষ্ঠা: ০২, অনুচ্ছেদ: ০৬)-এর নির্দেশনা অনুযায়ী ০৩ মিলিয়ন মার্কিন ডলার ও তদুর্ধ্ব মূল্যের ঋণপত্র স্থাপনের ২৪ ঘণ্টা পূর্বে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের Online Import Monitoring System (OIMS) -এ তা রিপোর্ট করার বিধান রয়েছে। তদনুযায়ী, ব্যাংকসমূহ সংশ্লিষ্ট ঋণপত্র OIMS-এ রিপোর্ট করে থাকে। তবে, অনেক ক্ষেত্রে ব্যাংকসমূহ ঋণপত্র স্থাপনের পূর্বে সংশ্লিষ্ট অত্যাৱশ্যকীয় দলিলাদি যথাযথভাবে গ্রহণ ও যাচাই না করেই OIMS-এ ঋণপত্রের তথ্য রিপোর্ট করছে মর্মে সভায় উল্লেখ করা হয়। এ বিষয়ে উদাহরণ হিসেবে উল্লেখ করা হয় যে, বৃহদাংক/অন্যান্য ঋণগ্রহীতাদের ঋণের ক্ষেত্রে ব্যাংকের পর্যদ/যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের বাধ্যবাধকতা থাকলেও অনেক ক্ষেত্রে তা গ্রহণ করা হচ্ছে না; এলসি স্থাপনে ব্যাংকের সক্ষমতা না থাকা সত্ত্বেও বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ হতে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করা হচ্ছে না; শিল্প খাতে কাঁচামাল আমদানির ক্ষেত্রে পোষক প্রতিষ্ঠানের হালনাগাদ নিবন্ধন গ্রহণ করা হচ্ছে না; শিল্প খাতে মূলধনী যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে পোষক প্রতিষ্ঠানের অনুমতি ও মূল্য যাচাই করা হচ্ছে না এবং ক্রেডিট রিপোর্ট যথাযথভাবে যাচাই করা হচ্ছে না। এছাড়া, কিছু পণ্যের ক্ষেত্রে FOB মূল্যের সাথে অতিরিক্ত প্রিমিয়াম (Premium) অন্তর্ভুক্ত থাকলেও সংশ্লিষ্ট ব্যাংকসমূহ অনেক ক্ষেত্রে উক্ত বিষয় সম্পর্কে যথাযথভাবে অবগত না হয়েই এলসি স্থাপন করছে মর্মে সভায় উল্লেখ করা হয়। এছাড়াও, পাওয়ার প্ল্যান্টসমূহের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক	সকল ব্যাংক
-----	--	-------------------------------------	--	------------

[Handwritten signature]

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
			<p>বাণিজ্যিকভাবে কয়লা আমদানি করা হয়, যা সংশ্লিষ্ট পক্ষসমূহের মধ্যে সম্পাদিত চুক্তির মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। উক্ত চুক্তিসমূহে কয়লার মান, মূল্য, প্রিমিয়ামসহ গুরুত্বপূর্ণ বিভিন্ন তথ্য উল্লেখ থাকলেও অনেক ক্ষেত্রে কয়লার মূল্য নির্ধারণে অনুসৃত Index যথাযথভাবে যাচাই ও হিসাব না করেই এলসি স্থাপন করা হচ্ছে মর্মে সভায় উল্লেখ করা হয়।</p> <p>এ প্রেক্ষিতে, সভাপতি মহোদয় এডি ব্যাংকসমূহকে OIMS-এ কোনো ঋণপত্র/চুক্তির তথ্য রিপোর্ট করার পূর্বে সংশ্লিষ্ট অত্যাবশ্যকীয় দলিলাদি আবশ্যিকভাবে গ্রহণ ও যথাযথভাবে যাচাই করার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	
০২.	ঋণপত্র/চুক্তি ভিত্তিক আমদানির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।	ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-২	<p>সভায় FEPD-2-এর পক্ষ থেকে জানানো হয় যে, বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২৬ অনুযায়ী চলমান ঋণসমূহ বিদ্যমান মেয়াদের মধ্যে নবায়ন করতে হবে। তবে, ঋণের সীমিতিরিক্ত অংশ সমন্বয় ব্যতীত ঋণ নবায়ন করা যাবে না। একইসঙ্গে, চলমান ঋণের সীমিতিরিক্ত অংশ মূল ঋণ হিসাব হতে পৃথক করে নতুন ঋণ সৃষ্টি বা অন্য কোনো ঋণ হিসাবে স্থানান্তর করা যাবে না।</p> <p>এ প্রেক্ষিতে, কোনো গ্রাহকের ঋণসীমা হিসাবায়নের ক্ষেত্রে ঋণস্থিতি হতে সুদ/মুনাফা পৃথক করে ঋণসীমা হিসাবায়নের সুযোগ না থাকলেও কোনো কোনো ক্ষেত্রে ব্যাংক কর্তৃক গ্রাহকের সীমিতিরিক্ত ঋণ সমন্বয় ব্যতিরেকে নতুন নতুন LC স্থাপন করা হচ্ছে, যা উল্লিখিত সার্কুলারের সুস্পষ্ট লঙ্ঘন বলে সভায় উল্লেখ করা হয়।</p> <p>এছাড়াও, বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ: ০৩/০৪/২০২৪-এর নির্দেশনা অনুযায়ী, গুপভুক্ত খেলাপি কোনো একটি প্রতিষ্ঠান/কোম্পানি ইচ্ছাকৃত খেলাপি ঋণগ্রহীতা হিসেবে চিহ্নিত/তালিকাভুক্ত না হলে, উক্ত গুপভুক্ত অন্যান্য/সকল প্রতিষ্ঠান বা কোম্পানিকে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ঋণসুবিধা প্রদান করা যেতে পারে।</p> <p>এমতাবস্থায়, ঋণপত্র/চুক্তিভিত্তিক আমদানির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকসমূহকে প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা প্রদানের বিষয়ে FEPD-2-এর পক্ষ থেকে সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়।</p> <p>এ প্রেক্ষিতে, সভাপতি মহোদয় ঋণপত্র/চুক্তিভিত্তিক আমদানির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য এডি ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।</p>	সকল ব্যাংক

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০৩.	দেশীয় কনটেইনারবাহী জাহাজসমূহ কর্তৃক Protection and Indemnity Defense Insurance-এর প্রিমিয়াম প্রেরণ প্রসঙ্গে।	ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-২	সভায় ফরেন এক্সচেঞ্জ অপারেশনস ডিপার্টমেন্ট-২ এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, দেশীয় কনটেইনারবাহী জাহাজসমূহের Mutual Protection & Indemnity এবং Freight, Defense and Demurrage খাতে বৈদেশিক মুদ্রা প্রেরণের পূর্বানুমোদনের আবেদনের সঙ্গে প্রিমিয়াম হিসাবায়ন, কিস্তি নির্ধারণ সংক্রান্ত তথ্যাদি এবং গ্রাহক ও বীমা প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত চুক্তির কপি বাংলাদেশ ব্যাংকে দাখিলের জন্য এডি ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা প্রয়োজন। এ প্রেক্ষিতে, সভাপতি মহোদয় এডি ব্যাংকসমূহকে উক্ত তথ্যাদি ও প্রয়োজনীয় দলিলপত্র বৈদেশিক মুদ্রা প্রেরণের পূর্বানুমোদনের আবেদনের সঙ্গে দাখিল নিশ্চিত করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করেন।	সকল ব্যাংক
০৪.	সাপ্লায়ার্স/বায়ার্স ক্রেডিটের আওতায় আইএমপি ফরম ও ডামি সি-ফরম এর ব্যবহার প্রসংগে।	এডি ব্যাংকসমূহ	সভায় ঢাকা ব্যাংক পিএলসি.-এর পক্ষ থেকে উল্লেখ করা হয় যে, গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন, ভলিউম-২ এর নির্দেশনা অনুযায়ী সাপ্লায়ার্স/বায়ার্স ক্রেডিটের আওতায় আইএমপি ফরম ও সি-ফরম এর ব্যবহারের বিষয় উল্লেখ রয়েছে। কিন্তু এ জাতীয় আমদানির ক্ষেত্রে মূল্য ম্যাচুরিটি তারিখে পরিশোধ করা হয়; স্বীকৃতি প্রদানের তারিখে গাইডলাইনে উল্লিখিত ব্যবস্থা বিদ্যমান চর্চায় নেই মর্মে সভায় উল্লেখ করা হয়। বিষয়টি প্রত্যাহার করার জন্য ঢাকা ব্যাংকের পক্ষ থেকে অনুরোধ করা হয়। আলোচ্য বিষয়টি সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে এফইপিডি-১ এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয়।	এফইপিডি- ১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়।
০৫.	বায়িং হাউজের মাধ্যমে প্রাপ্ত রপ্তানি আদেশের বিপরীতে বিদেশি ক্রেতার ক্রেডিট রিপোর্ট গ্রহণ প্রসংগে।	কমার্শিয়াল ব্যাংক অব সিলন	কমার্শিয়াল ব্যাংক অব সিলন-এর পক্ষ থেকে বায়িং হাউজের মাধ্যমে প্রাপ্ত রপ্তানি আদেশের বিপরীতে বিদেশি ক্রেতার ক্রেডিট রিপোর্ট সংগ্রহের আবশ্যিকতা আছে কিনা তা জানতে চাওয়া হয়। আলোচ্য বিষয়ে রপ্তানি শাখা, এফইপিডি-১ এর পক্ষ থেকে জানানো হয় যে, FE Circular No. 26/2026-এর ১৩ নং অনুচ্ছেদের নির্দেশনা সকল রপ্তানির ক্ষেত্রে অনুসরণীয় হবে।	সকল ব্যাংক

[Handwritten signature and initials]

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০৬.	স্থানীয় ব্যাংক টু ব্যাংক ঋণপত্র অ্যাডভাইজিং ও অর্থায়ন	সোস্যাল ইসলামী ব্যাংক পিএলসি.	সোস্যাল ইসলামী ব্যাংকের পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, তাদের ব্যাংক সম্মিলিত ইসলামী ব্যাংকের সাথে একীভূত হতে যাচ্ছে। ব্যাংকের রপ্তানিকারক গ্রাহক প্রতিষ্ঠানগুলোকে প্রয়োজনীয় ব্যাংকিং সেবা প্রদান করা হচ্ছে। কিন্তু বেশ কয়েকটি ব্যাংক সোস্যাল ইসলামী ব্যাংকের এলসি গ্রহণ করছে না; স্বীকৃত বিলের বিপরীতেও অর্থায়ন করছে না। এ বিষয়ে তিনি সভাকে জানান যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রশাসক নিয়োগের পর বর্তমানে পেমেন্টসমূহ যথাসময়ে করার প্রচেষ্টা চলমান রয়েছে। দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে তাদেরকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য তিনি অনুরোধ করেন। উক্ত অনুরোধের সূত্রে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।	সকল ব্যাংক

পরিশেষে সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মেমঃ এনামুল করিম খান)
আহবায়ক, বিবি-এডি ফোরাম
ও
নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক